গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
আইসিটি শাখা
www.moulvibazar.gov.bd

# মে/২০২৫ মাসের মৌলভীবাজার জেলা ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মেহনাজ ফেরদৌস<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) |
| সভার তারিখ | **০৬ মে ২০২৫খ্রি:** |
| সভার সময় | **বিকাল ০৩:৩০ ঘটিকা** |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব খান মোঃ রেজা উন-নবী, বিভাগীয় কমিশনার, সিলেট। সম্মানিত অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ ইসরাইল হোসেন, জেলা প্রশাসক, মৌলভীবাজার। সভায় জানানো হয় যে, গত সভাটি ২৩ মার্চ ২০২৫ খ্রি. অনুষ্ঠিত হয়েছিল। সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **<u>উদ্ভাবনী প্রস্তাব প্রেরণ:</u>**<br>সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার জানান আলোচ্য মাসে নতুন কোন উদ্ভাবনী প্রস্তাব পাওয়া যায়নি। | স্ব স্ব দপ্তরের সরকারি সেবা দান পদ্ধতি সহজ করার জন্য ডিজিটাল পদ্ধতি উদ্ভাবন করে প্রস্তাব প্রেরণের জন্য সকল দপ্তরের প্রধান-কে অনুরোধ জানান। | স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান, উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০২ | **<u>ইনোভেশন টিমের কার্যপরিধি:</u>**<br>সভায় সভাপতি কর্তৃক ইনোভেশন টিমের কার্যপরিধি বিষয়ে সভার প্রধান অতিথি ও অন্যান্য উপস্থিতির সামনে আলোকপাত করা হয়। স্ব-স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন, এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন, নিয়মিত টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপনা মন্ত্রণালয়/বিভাগ/ জেলা/উপজেলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন সহ ইনোভেশন টিমের সার্বিক কার্যপরিধি নিয়ে আলোচনা করা হয়। | প্রত্যেক দপ্তরের কার্যক্রম আরো গতিশীল এবং সময়োপযোগী করার বিষয়ে সকলের দৃষ্টি আর্কষণ করা হয়।<br><br>প্রতি মাসে সভা আয়োজন মন্ত্রণালয়/বিভাগ /জেলা/উপজেলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সাথে সমন্বয় সাধন, বিগত বছরের প্রতিবেদন প্রকাশ এবং আগামী বছরের জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ইনোভেশন টিম, মৌলভীবাজার |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **সিটিজেন চার্টার সংক্রান্ত:**<br>প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার তার বক্তব্যে, জেলার সকল কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজারের সিটিজেন চার্টারের সাথে জেলার সকল দপ্তরের সিটিজেন চার্টার হাইপারলিংক করার বিষয়ে আলোচনা করেন। দ্রুততম সময়ের মধ্যে বিষয়টি বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। | জেলা প্রশাসন, মৌলভীবাজার এর সিটিজেন চার্টার নিয়মিত আপডেটকরণ এবং জেলা প্রশাসন, মৌলভীবাজার এর সিটিজেন চার্টারের সাথে জেলার সকল দপ্তরের সিটিজেন চার্টার অতি দ্রুততম সময়ের মধ্যে হাইপারলিংক করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) মৌলভীবাজার<br><br>প্রোগ্রামর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার |
| ০৪ | **ওয়েব পোর্টাল সংক্রান্ত:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার অধিক্ষেত্রভুক্ত দপ্তরসমূহের ওয়েব পোর্টাল সমৃদ্ধ করার লক্ষ্যে উপর্যুক্ত কন্টেন্ট সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করা, পোর্টালে আপলোডকৃত তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই এবং পোর্টালে ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণ এর বিষয়ে আলোচনা করেন। এছাড়া ওয়েবসাইট আপডেটকরণের বিষয়ে প্রয়োজনীয় তথ্য প্রযুক্তি সামগ্রী সংগ্রহ, দ্রুতগতির ইন্টারনেট সংযোগের ব্যবস্থা গ্রহণ, রক্ষণাবেক্ষণ ও মাসিক ব্যয় নির্বাহকরণ, ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েব পোর্টালের প্রচার ও টেকসই করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে আহবান জানানো হয়। | অধিক্ষেত্রভুক্ত দপ্তরসমূহের ওয়েব পোর্টাল সমৃদ্ধ করার লক্ষ্যে উপযুক্ত কন্টেন্ট সংগ্রহ, তথ্যের বস্তুনিষ্ঠতা যাচাই, ছবি ও তথ্যের প্রাসঙ্গিকতা পরীক্ষণসহ পোর্টাল হালনাগাদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা ইনোভেশন টিম মৌলভীবাজার |
| ০৫ | **ডি-নথির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত কার্যপরিধি:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মৌলভীবাজার জানান যে, অত্র কার্যালয়ের সকল শাখায় এবং সকল উপজেলা নির্বাহী অফিস ও সকল সহকারী কমিশনার (ভূমি) অফিসসমূহে ডি-নথি চালু আছে। জেলার অন্যান্য যে সকল দপ্তরে ডি-নথি এখনো চালু হয়নি সেসকল অফিসে দ্রুততম সময়ে ডি-নথি চালুর বিষয়ে আলোচনা করা হয়। | জেলার যেসকল দপ্তরে অদ্যাবধি ডি-নথি ব্যবহার শুরু হয়নি সেসকল দপ্তরে ডি-নথির ব্যবহার দ্রুততম সময়ে চালুকরণের বিষয়ে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) মৌলভীবাজার<br><br>প্রোগ্রামর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার |
| ০৬ | **মাইগভ অ্যাপ চালুকরণ সংক্রান্ত:**<br>জনগণের দোরগোড়ায় সরকারি সেবাসমূহ সহজে পৌঁছে দিতে মাইগভ অ্যাপের সঠিক ব্যবহার বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়। মাইগভ অ্যাপের মাধ্যমে সরকারি প্রায় ৩০টি সেবা প্রদান করা সম্ভব। প্রাথমিক পর্যায়ে ১২টি সেবা চালুসহ মাইগভ অ্যাপের ব্যবহার দ্রুততম সময়ে বৃদ্ধিকরণ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | মাইগভ অ্যাপের মাধ্যমে জনগণের সেবা সহজীকরণ এবং মাইগভ অ্যাপ সেবা সম্পর্কে জনগণকে অবহিতকরণের বিষয়ে বহুল প্রচার-প্রচারণাকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | দপ্তর প্রধান (সকল) মৌলভীবাজার<br><br>প্রোগ্রামর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার |

জেলা ইনোভেশন টিমের মাসিক সভায় সম্মানিত অতিথি জনাব মোঃ ইসরাইল হোসেন, জেলা প্রশাসক, মৌলভীবাজার তার বক্তব্যে অত্র কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া মাইগভ অ্যাপের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে জনগণের সরকারি সেবার মান বৃদ্ধিকরণ এবং সহজেই যেন সকলে জেলা প্রশাসন, মৌলভীবাজার এর নিকট হতে সরকারি সেবা পেতে পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে বলেন। এছাড়াও জেলা ইনোভেশন টিমকে জেলার যেকোন একটি ইনোভেশন ধারণা বাস্তবায়ন সংক্রান্ত প্রস্তাব প্রেরণের কাজ করার জন্য আহবান জানান।

পরিশেষে জেলা ইনোভেশন টিমের মাসিক সভায় সম্মানিত প্রধান অতিথি জনাব খান মোঃ রেজা উন-নবী, বিভাগীয় কমিশনার, সিলেট সভায় উপস্থিত সকলকে স্ব স্ব দপ্তরে ডি-নথির ব্যবহার বৃদ্ধিকরণ এবং যে সকল দপ্তরে অদ্যাবধি ডি-নথির কার্যক্রম শুরু হয়নি সেসকল দপ্তরে অতি দ্রুত ডি-নথির কার্যক্রম শুরু করার মাধ্যমে সরকারি কাজের গতিশীলতা বৃদ্ধির ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

সভার আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮-০৫-২০২৫
মেহনাজ ফেরদৌস
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
০২৯৯৬৬৮২৬৫১ (ফোন)
adceduictmoulvibazar@mopa.gov.bd

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.৪৬.৫৮০০.০০০.০২৬.৩৭.০০০১.২৫.১৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। দপ্তর প্রধান (সকল), মৌলভীবাজার।
৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, মৌলভীবাজার।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, মৌলভীবাজার।
৫। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
৬। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, মৌলভীবাজার।
৭। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মৌলভীবাজার।
৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
১০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার।
১১। অফিস কপি, ।

২৮-০৫-২০২৫
মেহনাজ ফেরদৌস
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)